

রেল বার্তা

ট্রেন চালানোর সময় সুরক্ষার দিকে নজর রাখায় পুরস্কৃত পূর্ব রেলের কর্মীরা

পূর্ব রেলের জেনারেল ম্যানেজার হরিন্দ্র রাও কর্মীদের হাতে সুরক্ষা পুরস্কার তুলে দিচ্ছেন।

স্টাফ রিপোর্টার : পূর্ব রেলের বিভিন্ন ট্রেন ও রেল ট্র্যাকে সুরক্ষার দিকে নজর রাখায় পুরস্কৃত করা হল একাধিক কর্মীকে। এই উপলক্ষে মঙ্গলবার ফেয়ারলি প্লেসে পূর্ব রেলের সদর দফতরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ৫ কর্মীর হাতে তাদের সতর্কতা, তীক্ষ্ণ নজর ও প্রত্যুৎপন্নমতিত্বের জন্য পুরস্কার তুলে দেন পূর্ব রেলের জেনারেল ম্যানেজার হরিন্দ্র রাও। শিয়ালদহ শাখায় ইলেকট্রিক ট্রেনের লোকো পাইলট এম আর হুসেন, জিতেন্দ্র কুমার, সঞ্জয় কুমার মণ্ডল, বিপিন কুমারের হাতে এই পুরস্কার তুলে দেন। এছাড়া সুরক্ষা সংক্রান্ত কাজকর্মের অগ্রগতির পর্যালোচনার জন্য রাও বিভিন্ন সেকশনের প্রিন্সিপাল অফিসার ও ডিআরএমদের সঙ্গে বৈঠকও করেন। বৈঠকে রাও তাঁদের ট্রেন চলাচলে সুরক্ষা এবং সময়ানুবর্তিতা বজায় রাখার পরামর্শ দেন।

৩৪৫৩৭ ক্যানিং-শিয়ালদহ লোকাল ট্রেনের চালক এম আর হুসেন ও চিফ লোকো ইন্সপেক্টর ডি দাসের হাতে এদিন পুরস্কার তুলে দেন রাও। এই দু'জনেই শিয়ালদহ দক্ষিণ শাখায় ট্রেন চালানোর সময় কালিকাপুর ও বিদ্যাধরপুর স্টেশনের মাঝে রেল ট্র্যাকে কিছু সমস্যা লক্ষ্য করেন। সঙ্গে সঙ্গে বিষয়টি তাঁরা কন্ট্রোল রুমকে জানান। ফলে রেলের ইঞ্জিনিয়ারিং বিভাগের কর্মীরা তড়িঘড়ি সেখানে ছুটে গিয়ে মেরামতের কাজটি করায় অবাঞ্ছিত ঘটনার হাত থেকে রক্ষা পান অনেকেই। এই দায়িত্ব পালনের জন্য তাদের দু'জনকেই পুরস্কৃত করা হয়। শিয়ালদহ ডিভিশনের টেকনিশিয়ান জিতেন্দ্র কুমার গত ১৭ অক্টোবর নৈহাটি ইয়ার্ডে মালগাড়ির রেকগুলি পরীক্ষার সময় লক্ষ করেন একটি ওয়াগনের সেন্ট্রাল পিভোট পিনে চিড় ধরেছে। সঙ্গে সঙ্গে তিনি সেটি সারানোর ব্যবস্থা করে সম্ভাব্য দুর্ঘটনা এড়ান। আসানসোল ডিভিশনের ট্রলি ম্যান সঞ্জয় কুমার মণ্ডল বদমা ও জামতারা স্টেশনের মধ্যে কাজ করার সময় লক্ষ করেন, রেল ট্র্যাক কিছুটা ঝুলে রয়েছে। সঙ্গে সঙ্গে তিনি বিষয়টি ইঞ্জিনিয়ারিং বিভাগের কর্তৃপক্ষকে জানান। তাঁরা ব্যবস্থা নেওয়ায় এড়ানো যায় আরও একটি দুর্ঘটনা। এছাড়া আসানসোল ডিভিশনের সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার বিপিন কুমার বরাকর থেকে সীতারামপুর স্টেশনের মধ্যে ইন্সপেকশন চালাতে গিয়ে রেল ট্র্যাকে কিছু ফাটল দেখতে পান। সঙ্গে সঙ্গে তিনি কন্ট্রোল রুমকে জানান। কন্ট্রোল রুম ওই লাইনে ট্রেন চলাচলে নিষেধাজ্ঞা জারি করে। এরপর ওই রেল ট্র্যাক সারিয়ে সম্ভাব্য দুর্ঘটনা এড়ানো যায়। এই পাঁচ কর্মী বিভিন্ন ক্ষেত্রে তাদের অসাধারণ দক্ষতার জন্যই পুরস্কৃত হন।

চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে বিশ্ব ডায়াবেটিস দিবস পালন

স্টাফ রিপোর্টার : চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে বিশ্ব ডায়াবেটিস দিবস পালন করা হল। সিএইচএস (ইংলিশ মিডিয়াম) স্কুলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসের সিএমও ডাঃ এ মজুমদার। এছাড়া ডঃ বি কে ঠাকুর এসিএমএসএ, ডাঃ মিসেস টি চক্রবর্তী সিনিয়র ডিএমও/এফডব্লু, ডাঃ এ চক্রবর্তী সিনিয়র ডিএমও, ডাঃ জে মিত্র সিনিয়র ডিএমও, শ্রীমতী এ মজুমদার এএনও, পার্থ পাণিগ্রাহী প্রিন্সিপাল (ইএম) সহ শিক্ষক ও ছাত্রছাত্রীরা ওই অনুষ্ঠানে হাজির ছিলেন। ডাঃ মিসেস টি চক্রবর্তী তাঁর ভাষণে শিশুদের জীবনধারণে প্রতিদিনের রুটিনে যে পরিবর্তন আসছে, তাতে ডায়াবেটিসের প্রভাব সম্পর্কে বলেন। ডঃ এ মজুমদার এ বছর ডায়াবেটিস দিবসের থিম 'উমেন অ্যান্ড ডায়াবেটিস—আওয়ার রাইট টু এ হেলদি ফিউচার' সম্পর্কে ভাষণ দেন। ডায়াবেটিসের বিভিন্ন দিক স্লাইড সহযোগে অডিও-ভিসুয়াল মাধ্যমে দেখান সিনিয়র ডিএমও ডঃ জে মিত্র। তিনি ডায়াবেটিসের প্রভাবমুক্ত থাকতে আরও বেশি কাজ করার উপর এবং স্বাস্থ্যকর খাদ্যাভ্যাসের উপর জোর দেন। এই উপলক্ষে ডায়াবেটিস মাপার জন্য সুগার ব্লাড টেস্টের পরীক্ষার ব্যবস্থাও ছিল। ১১০ জনকে পরীক্ষা করে তাদের বিভিন্ন পরামর্শ দেন চিকিৎসকরা।

ভারতীয় রেলওয়ের উপর ইন্টার-স্কুল ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করেছিল পূর্ব রেল। হাওড়ায় (১৫/১১/২০১৭) রিজিওনাল রেল মিউজিয়ামে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে হাজির ছিলেন পূর্ব রেলের জেনারেল ম্যানেজার হরিন্দ্র রাও। ক্যুইজ প্রতিযোগিতায় ১৬ টি স্কুলের মোট ৬১ জন ছাত্রছাত্রী অংশ নেয়। সেন্ট অগাস্টিন ডে স্কুল চ্যাম্পিয়ন হয় এই প্রতিযোগিতায়। অক্ষর স্কুল হয় রানার্স আপ এবং দিল্লি পাবলিক স্কুল (রুবি পার্ক) তৃতীয় স্থান পায়। পূর্ব রেলের মুখ্য আর্থিক উপদেষ্টা ওমপ্রকাশ প্রতিযোগীদের হাতে পুরস্কারগুলি তুলে দেন। অনুষ্ঠানে হাজির ছিলেন হাওড়ার ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার মনু গোয়েল। এই প্রতিযোগিতা যথেষ্ট আকর্ষণীয় হয়। বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা চমৎকার পারদর্শিতার প্রমাণ দেয়। পূর্ব রেল কর্তৃপক্ষ প্রতিযোগিতার আয়োজন করে খুশি। তাঁরা চান, প্রতি বছরই এ ধরনের প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে ছাত্রছাত্রীদের জ্ঞানের বিকাশ ঘটানো।

শিশুদিবসে দেশের দুই শহরে সামাজিক অসচেতনতার শিকার ২ শিশু

নয়াদিল্লি/হায়দরাবাদ, ১৫ নভেম্বর : শিশুদিবসের অনুষ্ঠান নিয়ে দেশজুড়ে যখন নানারকম অনুষ্ঠান পালন করা হচ্ছে, ঠিক সেই সময়ই সামাজিক অসচেতনতার শিকার হতে হল দেশের দুই বড় শহরের দু'টি শিশুকে। শিশুদিবস পালন করতে স্কুলে গিয়ে একটি খোলা আন্ডারগ্রাউন্ড জলের ট্যাঙ্কে পা পিছলে পড়ে অকালে মৃত্যুবরণ করল আড়াই বছরের ছোট্ট শিশু এন শিব রচিত। ঘটনাটি ঘটেছে হায়দরাবাদে।

অন্যদিকে, নির্ভয়া কাণ্ড নিয়ে আইন প্রণয়ন সত্ত্বেও তাকে বুড়ো আঙুল দেখাচ্ছে এই সমাজের কিছু হিংস্র মানুষ। তাই রাজধানী দিল্লিতে শিশুদিবসের দিনই বন্ধুর দেড় বছরের কন্যাকে পাহারা দিতে গিয়ে ধর্ষণ করে বসল তার তথাকথিত কাকু। ঘটনাটি ঘটেছে দক্ষিণ দিল্লির জাঠ গ্রামে। হাসপাতালে শিশুটির অবস্থা এখন স্থিতিশীল। দিল্লিতে মহিলা কমিশনের প্রধান স্বাতী মালিওয়াল অবিলম্বে স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিংকে শিশুটির পরিবারের সঙ্গে দেখা করার দাবি করেছেন। তাঁর নেতৃত্বে কমিশনের সদস্যারা এদিন রাজনাথের বাড়ির সামনে বিক্ষোভও দেখান।

STOP VIOLENCE AGAINST WOMEN
RESPECT
WOM

গুরুগ্রামের ২ বিখ্যাত স্কুল রায়ান ইন্টারন্যাশনালে ছোট্ট শিশু প্রদ্যুম্ন ঠাকুরকে তার এক দাদার অনৈতিক ইচ্ছের বলি হতে হয়েছে। এই রায়ান ইন্টারন্যাশনালেরই দিল্লির একটি শাখায় জলের ট্যাঙ্ক খোলা থাকায় গত বছর তার মধ্যে পড়ে এক শিশুর মৃত্যু হয়। এরকম ঘটনা প্রায়শই ঘটছে। বিভিন্ন নির্মীয়মাণ বাড়িতেও খেলা করতে গিয়ে জলের ট্যাঙ্কে পড়ে শিশুমৃত্যুর খবর বার বার শোনা যাচ্ছে। অথচ এরপরও কেউ সচেতন হয়নি। আর এই চরম অসচেতনতার বলি হতে হয়েছে ফুলের মতো সুন্দর সেই শিশুগুলিকেই।

দক্ষিণ দিল্লির শাহপুরের জাঠ গ্রামে শিশুদিবসের দিনই চারদিকে ছড়িয়ে পড়ে দেড় বছরের শিশুর ধর্ষিত হওয়ার খবর। অথচ শিশুটিকে নজরদারি করার জন্য বাবা-মা পাশের বাড়ির কাকুর ওপর দায়িত্ব দিয়ে গিয়েছিলেন। পুলিশ সূত্রে জানা গেছে, এই ঘটনায় অভিযুক্ত সন্তোষ শিশুটির প্রতিবেশীই শুধু নয়, তার বাবার ঘনিষ্ঠ বন্ধু। সেই কারণেই তাকে বিশ্বাস করে শিশুটিকে তার কাছে রেখে যান বাবা-মা। শিশুটির বাবা পুলিশকে জানিয়েছে, তার আরও এক বন্ধু নাকি নজরদারির কাজে ছিল। কান্নায় ভেঙে পড়ে বাবার দাবি, তিনি তখনও বাড়ি ফেরেননি, বাইরে দাঁড়িয়ে ছিলেন। এমন সময় তার স্ত্রী দৌড়ে গিয়ে তাকে ডেকে আনে। কারণ শিশুটির শরীর থেকে মাত্রাতিরিক্ত রক্তপাত হচ্ছিল। এরপর শিশুটিকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসায় তার অবস্থা স্থিতিশীল। মহিলা কমিশনের প্রধান স্বাতী মালিওয়াল বলেছেন, এই ঘটনায় তিনি স্তম্ভিত। সোশ্যাল মিডিয়ায় তার ক্ষোভ উগরে দিয়ে মালিওয়াল বলেছেন, মনে হচ্ছে পুরো সামাজিক সিস্টেমটিই ভেঙে পড়েছে।

এদিকে সারা দেশ জুড়ে শিশুদিবস পালিত হচ্ছিল মঙ্গলবার। শিশুদিবস পালন করতেই স্কুলে গিয়েছিল আড়াই বছরের এন শিব রচিত। স্থানীয় আনন্দবাগের মালিকানগিরিতে বচপন স্কুলের ছাত্র সে। শিশুদিবসের বিভিন্ন খেলায় অংশ নেওয়ার পর নিজের মনে খেলছিল রচিত। আর সকলের অলক্ষ্যে স্কুল চত্বরের মধ্যেই একটি খোলা আন্ডারগ্রাউন্ড জলের ট্যাঙ্কে পা পিছলে পড়ে গিয়ে মৃত্যু হয়।

বাবা বাড়ি ফেরার পর মা বিশালা সাড়ে এগারোটা নাগাদ ছেলেকে স্কুলে টিফিন দিতে যান। কিন্তু ক্লাসে গিয়ে ছেলেকে খুঁজে না পেয়ে তিনি স্কুল কর্তৃপক্ষকে বিষয়টি জানান। স্কুল কর্তৃপক্ষ পুরো বিষয়টি অস্বীকার করে বলেন, ছোট্ট রচিত স্কুলেই আসেনি। পরে ক্লাস টিচারের রেজিস্ট্রারে দেখা যায়, সে ক্লাসে এসেছিল। এমনকি ক্লাসে রাখাও ছিল রচিতের ব্যাগটি। তার মা এসে খোঁজ না করলে হয়তো স্কুল কর্তৃপক্ষ জানত না বিষয়টি। সঙ্গে সঙ্গে বিশালা স্বামীকে ফোন করে ছেলের নিখোঁজ হওয়ার খবরটি জানান।

বেশ কিছুক্ষণ খোঁজাখুঁজির পর স্কুল চত্বরেই একটি জলের ট্যাঙ্কের মধ্যে থেকে পাওয়া যায় তার দেহ। ছেলেকে কোলে নিয়ে বাবা সঙ্গে সঙ্গে ছোটেন হাসপাতালে। সেখানে চিকিৎসকরা রচিতকে মৃত বলে ঘোষণা করেন। স্কুল চত্বরের মধ্যে এ ধরনের মর্মান্তিক দুর্ঘটনা ফের প্রশ্নের মুখে ফেলে দিল স্কুলের নিরাপত্তা ব্যবস্থাকে।

পুলিশ সূত্রে জানা গেছে, তদন্তে প্রকাশ পেয়েছে, স্কুলের তরফে বিরাট গাফিলতি ছিল। এই ঘটনার জন্য যে বা যারা দায়ী তাদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণের আশ্বাস দিয়েছেন মালকানগিরির স্কুল ইন্সপেক্টর জানকি রেড্ডি। তদন্তে স্কুলের সিসিটিভি ফুটেজও খতিয়ে দেখছে পুলিশ।

মোদীর নোট বাতিলের তুঘলকি সিদ্ধান্তের ফলে ক্ষতি ৩.৭৫ লক্ষ কোটি টাকা, তোপ যশবন্তের

আহমেদাবাদ, ১৫ নভেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চতুর্দশ শতাব্দীর খামখেয়ালি সুলতান মহম্মদ বিন তুঘলকের সঙ্গে তুলনা করলেন বাজপেয়ী মন্ত্রিসভার অর্থমন্ত্রী ও বিজেপির প্রবীণ নেতা যশবন্ত সিনহা। বেশ কিছুদিন ধরেই কেন্দ্রের আর্থিক নীতির তীব্র সমালোচনা করে চলেছেন যশবন্ত। বুধবারও তিনি নোট বাতিলের সিদ্ধান্তের ফের কঠোর সমালোচনা করে বলেন, ৭০০ বছর আগে মহম্মদ বিন তুঘলকও নোট বাতিল করেছিলেন।

প্রাক্তন অর্থমন্ত্রীর দাবি, মোদী সরকারের এই সিদ্ধান্তের ফলে অর্থনীতিকে প্রায় ৩.৭৫ লক্ষ কোটি টাকা খেসারত দিতে হয়েছে। গুজরাতের আহমেদাবাদে একটি অনুষ্ঠানে মোদীকে কটাক্ষ করে যশবন্ত বলেছেন, অনেক সুলতানই নতুন মুদ্রা এনেছিলেন। কিন্তু নতুন মুদ্রা চালুর পাশাপাশি তারা অনেকেই পুরনো মুদ্রাও চালু রেখেছিলেন।

কিন্তু ৭০০ বছর আগে মহম্মদ বিন তুলঘক নামে দিল্লিতে এক সুলতান ছিলেন। যিনি পুরনো নোট বাতিল করে নতুন মুদ্রা চালু করেছিলেন। উল্লেখ্য, দিল্লি থেকে রাজধানী দৌলতাবাদে স্থানান্তর করা, নয়া মুদ্রা চালু প্রভৃতি বিতর্কিত সিদ্ধান্তের জন্য ইতিহাসে মহম্মদ বিন তুঘলক পাগলা রাজা হিসেবে পরিচিত।

লোকশাহি বাঁচাও অভিযান (গণতন্ত্র বাঁচাও)-এর ব্যানারে আন্দোলনকারীদের আমন্ত্রণে এই অনুষ্ঠানে যোগ দেন যশবন্ত। নোট বাতিল ও জিএসটি নিয়ে তাঁর মূল্যবান মতামতও জানান। প্রাক্তন অর্থমন্ত্রী বলেন, কর্মসংস্থানের অভাবই দেশের সবচেয়ে বড় অভাব। সেন্টার ফর মনিটরিং ইন্ডিয়ান ইকোনমির একটি রিপোর্ট উল্লেখ করে যশবন্ত বলেন, নোট বাতিলের ফলে সরাসরি খরচের পরিমাণ ১,২৮,০০০ কোটি টাকা। নতুন নোট ছাপার মতো অন্যান্য বিষয়ে খরচ প্রায় ১.২৮ লক্ষ কোটি টাকার মতো। নোট বাতিলের ফলে সরাসরি খরচের পরিমাণ ১,২৮,০০০ কোটি টাকা। নোট বাতিলের ফলে বৃদ্ধির হার ১.৫ শতাংশ পড়ে গিয়েছে দাবি করে যশোবন্ত বলেছেন, এই হিসেবেও অর্থনীতিতে ক্ষতি হয়েছে প্রায় ২.২৫ লক্ষ কোটি টাকা। সব মিলিয়ে অর্থনীতির লোকসানের পরিমাণ ৩.৭৫ লক্ষ কোটি টাকা।

পার্টিতে নেচে অস্বস্তিতে কর্নাটকের বিধায়ক

বেঙ্গালুরু, ১৫ নভেম্বর : বিধানসভায় হাজির না হয়ে পার্টিতে গিয়ে নাচছেন বিধায়ক, এই নাচের ভিডিও সামনে আসতেই বেজায় অস্বস্তিতে পড়েছে কর্নাটকের শাসকদল কংগ্রেস। সোশ্যাল মিডিয়ায় দেখা গেছে, কর্নাটকের বিধায়ক অম্বরীশ বেলাগাভিতে একটি পার্টিতে এক মহিলার হাত ধরে নাচছেন।

নাগরিকা এক্সপোর্টস লিমিটেড
ব্যবসা প্রতিষ্ঠানকে ভারত সরকার দ্বারা স্বীকৃত
রেজিঃ অফিস : ১৮, আর এন মুখার্জি রোড, ৭ম তল, কলকাতা-৭০০ ০০১
Phone : 2210 8828, 2248 4922/4943,Fax : 91-33-2248 1693
E-mail: Sushil@nagreeka.comm;Website: www.nagreeka.com;
CIN : L18101WB1989PLC046387

৩০.০৯.২০১৭ সমাপ্ত ত্রৈমাসিক ও অর্থবর্ষ নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী (লক্ষ টাকায়)

ক্রমিক নং	বিবরণী	সমাপ্ত ত্রৈমাসিক (অনিরীক্ষিত)			সমাপ্ত অর্ধবর্ষ (অনিরীক্ষিত)	
		৩০.০৯.১৭	৩০.০৬.১৭	৩০.০৯.১৬	৩০.০৯.১৭	৩০.০৯.১৬
১.	মোট আয় কাজের থেকে	১১,৫৯৫.৮৩	১৪,৬২৫.৮৩	১১,৫৫৯.৩৬	২৬,২২১.৬৬	২৫,০৫৫.৫৪
২.	নিট লাভ/ক্ষতি সাধারণ বিষয়ে করের (অতিরিক্ত সাধারণ বিষয়ে পূর্বে)	৩৫.২০	৬৩.১৫	৯৯.৩৭	৯৮.৩৪	২৪৩.৯৫
৩.	নিট লাভ/ক্ষতি সাধারণ বিষয়ে করের (অতিরিক্ত সাধারণ বিষয়ে পূর্বে)	৩৫.২০	৬৩.১৫	৯৯.৩৭	৯৮.৩৪	২৪৩.৯৫
৪.	নিট লাভ/(ক্ষতি) সময়কালীন করের পরে (অতিরিক্ত বিষয় সমূহের পরে)	১৪.২৭	৪৭.৭৪	-২৫.৮২	৬২.০১	-৩৪.৮৯
৫.	মোট সম্পৃক্ত আয় সাধারণ বিষয়ে করে (অধিক লাভ/ ক্ষতি সাধারণ বিষয়ে করে (করপরবর্তী) এবং অন্যান্য অধিক আয় করের পরে	৩৪৬.৮৫	-৬৩.২০	১৭০.৮৪	২৮৩.৬৪	৩৬৮.৫৬
৬.	আদায়দত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটির মূল্য ৫ টাকা)	৬২৫.৫০	৬২৫.৫০	৬২৫.৫০	৬২৫.৫০	৬২৫.৫০
৭	সাধারণ বিষয়ের পরে ইপিএস (টাকায়) অতিরিক্ত সাধারণ বিষয়ের সমূহের পূর্বে					
	মূল	০.১১	০.৩৮	-০.২১	০.৫০	-০.২৮
	মিশ্র	০.১১	০.৩৮	-০.২১	০.৫০	-০.২৮

দ্রষ্টব্য:
উপরোক্ত আর্থিক ফলাফল সমাপ্ত ত্রৈমাসিক/বার্ষিক ফলাফল স্টক এক্সচেঞ্জের রেগুলেশন ৩৩ অফ দি সেবি (লর্ড) রেগুলেশন ২০১৫ অনুসারে দেখানো হয়েছে। পুরো ফরম্যাট ত্রৈমাসিকের/বছরের আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে। উক্ত তথ্য কোম্পানির ওয়েবসাইটেও দেওয়া হয়েছে।

বোর্ডের আদেশানুসারে
স্বাক্ষর/-
সুশীল পাটয়ারি
(চেয়ারম্যান)
স্থান: কলকাতা
তারিখ: ১৪ নভেম্বর, ২০১৭

পারিক্করের পরামর্শ

পানাজি, ১৫ নভেম্বর : রাজনীতিতে পরিচ্ছন্ন ভাবমূর্তির জন্য তাঁর বেশ সুনাম রয়েছে। এবার নিজেই সেই মিথ ভাঙলেন গোয়ার মুখ্যমন্ত্রী মনোহর পারিক্কর। শিশুদিবসের অনুষ্ঠানে এক ছাত্রের প্রশ্নের উত্তরে জানালেন, অল্প বয়সে সিনেমা হলে নীল ছবি দেখতে গিয়ে হাতেনাতে ধরা পড়েছিলেন তিনি ও তাঁর দাদা। মায়ের বকুনির হাত থেকে বাঁচতে গল্প ফাঁদেন। আর তাতেই বেঁচে যান দুই ভাই।

জে জে এক্সপোর্টস লিমিটেড
রেজিঃ অফিস: মুখতার টাওয়ার, ৫৯ এলিয়ট রোড, কলকাতা-৭০০০১৬
CORPORATE INDENTITY NUMBER -L17112WB1972PLC028631; TEL : 033 2265 4776
EMAIL ID : jjmail@vsnl.com, WEBSITE : www.jjexporters.com

৩০.০৯.২০১৭ সমাপ্ত ত্রৈমাসিক ও অর্থবর্ষ নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী (লক্ষ টাকায়)

বিবরণ	সমাপ্ত তিন মাস			সমাপ্ত অর্ধবর্ষ	
	৩০.০৯.১৭ (অনিরীক্ষিত)	৩০.০৬.১৭ (অনিরীক্ষিত)	৩০.০৯.১৬ (অনিরীক্ষিত)	৩০.০৯.১৭ (নিরীক্ষিত)	৩০.০৯.১৬ (অনিরীক্ষিত)
১. মোট আয় কাজের থেকে (নিট)	২৯.০৫	৫২.০৪	১৫০.৮৪	৮১.০৯	৫৩৭.২৬
২. নিট লাভ/(ক্ষতি) করের আগে ব্যতিক্রমী বিষয় অথবা ব্যতিক্রমী বিষয়	(৮০.৮৮)	(৩১১.৭৬)	(৩৬০.০৯)	(৩৯২.৬৪)	(৫৯৮.৭১)
৩. নিট লাভ/(ক্ষতি) করের আগে ব্যতিক্রমী বিষয় অথবা ব্যতিক্রমী বিষয়	(৮০.৮৮)	(৩১১.৭৬)	(৩৬০.০৯)	(৩৯২.৬৪)	(৫৯৮.৭১)
৪. নিট লাভ/(ক্ষতি) করের পরে ব্যতিক্রমী বিষয় অথবা ব্যতিক্রমী বিষয়	(৮০.৮৮)	(৩১১.৭৬)	(৩৬০.০৯)	(৩৯২.৬৪)	(৫৯৮.৭১)
৫. মোট তুলোনিয় আয় সময়কালীন করের পরে	(৮২.১৮)	(৩১৫.৮০)	(৩৮৬.৩২)	(৩৯৭.৯৮)	(৬১০.১১)
৬. ইক্যুইটি শেয়ার মূলধন	৯২৬.২৩	৯২৬.২৩	৯২৬.২৩	৯২৬.২৩	৯২৬.২৩
৭. শেয়ার প্রতি আয় (ফেস ভ্যালু প্রতিটি মূল্য ১০ টাকা) অতিরিক্ত বিষয়ের সমূহের পরে মূল ও মিশ্র	(০.৮৭)	(৩.৩৭)	(৩.৮৯)	(৪.২৪)	(৬.৪৬)

দ্রষ্টব্য :
১. স্টক এক্সচেঞ্জের রেজুলিউশন ৩৩ অনুসারে সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (ক্ষেত্রীয় দায়িত্ব এবং প্রয়োজনীয় ব্যাখ্যামূলক) রেজুলেউশন ২০১৫ অনুসারে সমাপ্ত ত্রৈমাসিক/অর্ধবর্ষের ফলের বিস্তারিত ফরম্যাট অনুসারে দেখানো হয়েছে যা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে www.jjexporters.com ও www.bseindia.com পাওয়া যাবে।
২. উপরিউক্ত আর্থিক ফলাফলগুলি ৩০.০৯.২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালকবর্গের সভায় গৃহিত।

জে জে এক্সপোর্টার্স লিমিটেডের পক্ষে
স্বা/-
এস এন ঝুনঝুনওয়ালা
এক্সিকিউটিভ চেয়ারম্যান
DIN No.: 00063450
স্থান -কলকাতা
তারিখ- ১৪.১১.২০১৭

গুজরাতে নির্বাচনী প্রচারে 'পাপ্পু' শব্দের উপর নিষেধাজ্ঞা জারি কমিশনের

নয়াদিল্লি/আহমেদাবাদ, ১৫ নভেম্বর : গুজরাতে নির্বাচনী প্রচারে 'পাপ্পু' শব্দটি ব্যবহার করতে পারবে না বিজেপি। এই নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। কমিশনের দাবি, এই শব্দটি কংগ্রেস সহ সভাপতির ক্ষেত্রে মর্যাদাহানিকর। তাই নির্বাচনী প্রচারে এই শব্দটির উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। প্রসঙ্গত, বিজেপি নেতারা বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় তো বটেই, এমনকি নির্বাচনী প্রচারেও রাহুল গান্ধিকে 'পাপ্পু' বলে সম্বোধন করেন। অর্থাৎ রাহুল গান্ধি নিছকই বোকা লোক। অতি সম্প্রতি 'পাপ্পু' শব্দ ব্যবহার করেই গুজরাত বিধানসভা নির্বাচনে একটি দলীয় বিজ্ঞাপন তৈরি করেছে বিজেপি। দলের দাবি, বিজ্ঞাপনের চিত্রনাট্যের সঙ্গে কোনও ব্যক্তির যোগ নেই। যদি তা হয়ে থাকে তবে তারা দুঃখিত। কিন্তু বিজেপি নেতাদের এই অজুহাত মানতে নারাজ কংগ্রেস। 'পাপ্পু' শব্দ সহ বিজ্ঞাপনটি প্রত্যাহারের দাবিতে নির্বাচন কমিশনের কাছে যায় তারা। এরপরই 'পাপ্পু' শব্দটি ব্যবহারের উপর নিষেধাজ্ঞা জারি করে নির্বাচন কমিশন। কমিশনের নির্দেশের পর বিজ্ঞাপনের জন্য নতুন চিত্রনাট্য তৈরি করে অনুমোদনের জন্য সেটি কমিশনের মিডিয়া কমিটির কাছে পাঠায় বিজেপি। সেখানে দেখা যায়, 'পাপ্পু' নামে একটি চরিত্র রয়েছে।

সিবিআই তদন্ত না করানোর জন্য প্রদ্যুম্ন'র বাবাকে মন্ত্রীর চাপ

গুরুগ্রাম, ১৫ নভেম্বর : প্রদ্যুম্ন হত্যা মামলায় সিবিআই তদন্ত না করানোর জন্য চাপ দিয়েছিলেন হরিয়ানার মন্ত্রী রাও নরবীর সিং, অন্তত এমনটাই দাবি করেছেন প্রদ্যুম্ন'র বাবা বরুণ ঠাকুর। বরুণের দাবি, প্রদ্যুম্ন হত্যার পর নরবীর সিং তাদের মারুতি কুঞ্জের বাড়িতে আসেন এবং স্পষ্টই বলেন, তাদের পরিবার যেন সিবিআই তদন্তের জন্য চাপ না দেয়। মন্ত্রীর মতে, সিবিআই নিছকই একটি বড় নাম। আসলে তারা কিছুই না। এছাড়া তাদের উপর বিপুল কাজের দায়িত্ব রয়েছে। কাজেই প্রদ্যুম্ন হত্যার তদন্ত করতে তাদের এক বছরেরও বেশি সময় লেগে যাবে। হরিয়ানা পুলিশ সিবিআইয়ের থেকে অনেক ভাল। তারা বরং একটি নির্দিষ্ট সময়ের মধ্যে রিপোর্ট দাখিল করবে। এছাড়া স্কুলের বাস কন্ডাকটর অশোক কুমারকে হত্যার দায়ে যখন পুলিশ ধরেইছে, তখন আর সিবিআই তদন্তের দরকার কি? ঠাকুরের দাবি, মন্ত্রীর সঙ্গে এসেছিলেন এক ব্যক্তি যাকে তিনি চেনেন না।

বিজ্ঞাপন

আরএসডি ফিনান্স লিমিটেড
রেজিঃ অফিস: রুম নং ৯০২, দশম তল, কৃষ্ণা বিল্ডিং, ২২৪ এজেসি বোস রোড, কলকাতা-৭০০০১৭
Tel No.0657-6515324, 033-69000200
email id : rsdfinancelimited.com
Website : www.rsdfinancelimited.com
CIN:-L17222WB1963PLC025749

৩০.০৯.২০১৭ সমাপ্ত ত্রৈমাসিক ও অর্থবর্ষ নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী (লক্ষ টাকায়)

ক্রমিক নং	বিবরণ		একত্রিত	
		সমাপ্ত ৩ মাস ৩০/০৯/২০১৭ (অনিরীক্ষিত)	সমাপ্ত অর্ধবর্ষ ৩০/০৯/২০১৭ (অনিরীক্ষিত)	সমাপ্ত তিনমাস ৩০/০৯/২০১৬ (অনিরীক্ষিত)
১.	মোট আয় কাজের থেকে (নিট)	১২৬৪.০১	২৪২০.২৯	১০৯০.৬০
২.	নিট/লাভ সাধারণ বিষয়ের করের আগে (অতিরিক্ত বিষয়সমূহের পরে)	২৭৪.৭৩	৫৪১.৪১	৪১২.৫০
৩.	নিট লাভ/ক্ষতি সাধারণ বিষয়ের করের আগে (অতিরিক্ত বিষয়সমূহের পরে)	২৭৪.৭৩	৫৪১.৪১	৪১২.৫০
৪.	নিট লাভ/ক্ষতি সাধারণ বিষয়ের করের পরে (অতিরিক্ত বিষয়সমূহের পরে)	১৯৮.৮৮	৪২০.৭৯	৩০৯.৮৭
৫.	মোট সম্পৃক্ত আয় সময়কালীন (অধিক লাভ/ ক্ষতি সময়কালীন (করপরবর্তী) এবং অন্যান্য অধিক আয় করের পরে	০.০০	০.০০	০.০০
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০ টাকা প্রতিটি শেয়ার মূল্য)	৬৪৭.৩২	৬৪৭.৩২	৬৪৭.৩২
৭.	সংরক্ষণ (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত সংরক্ষণ পূর্ববর্তী বছরের ব্যালেন্সসিট অনুসারে)	১২০০৩.৬৭	১২০০৩.৬৭	১১২১৩.৫৬
৮.	শেয়ার প্রতি আয় (ব্যতিক্রমী বিষয়ের পূর্বে) (প্রতিটির মূল্য ১০/ টাকা)			
	মূল	৩.০৭	৬.৫০	৪.৭৯
	মিশ্র	৩.০৭	৬.৫০	৪.৭৯

দ্রষ্টব্য :
১. স্টক এক্সচেঞ্জের রেজুলিউশন ৩৩ অনুসারে সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (ক্ষেত্রীয় দায়িত্ব এবং প্রয়োজনীয় ব্যাখ্যামূলক) রেজুলেউশন ২০১৫ অনুসারে সমাপ্ত ত্রৈমাসিক/বার্ষিক ফলের বিস্তারিত ফরম্যাট অনুসারে দেখানো হয়েছে যা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে পাওয়া যাবে।
২. উপরিউক্ত একক আর্থিক ফলাফল সমাপ্ত ৩০.০৯.২০১৭ তারিখে ত্রৈমাসিকের সংক্ষিপ্ত আকারে দেখানো হয়েছে যা নিম্নরূপ :

ক্রমিক নং	বিবরণ		একক	
		সমাপ্ত ৩ মাস ৩০/০৯/২০১৭ (অনিরীক্ষিত)	সমাপ্ত অর্ধবর্ষ ৩০/০৯/২০১৭ (অনিরীক্ষিত)	সমাপ্ত তিনমাস ৩০/০৯/২০১৬ (অনিরীক্ষিত)
১.	টার্নওভার	২০০.১৬	৫২৩.৫৯	১৭১.৪১
২.	লাভ/ক্ষতি করের আগে	১৩৯.২২	৩৬০.৫৭	১২৪.০২
৩.	লাভ/ক্ষতি করের পরে	১১১.০২	২৯৬.৬৪	৯৯.০৬

বোর্ডের আদেশানুসারে
স্বা/-রাজীব সিং ডুগাই
ম্যানেজিং ডিরেক্টর
DIN: 0052037
স্থান : কলকাতা
তারিখ: ১৪.১১.২০১৭

অর্কিড সিকিউরিটিজ লিমিটেড
রেজিঃ অফিস: ৩৬এ, বেন্টিঙ্ক স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৬৯ CIN:L18209WB1994PLC062173
Ph : 4004 8757, Fax : 033 4004 8757
Web : www.orchidsecurities.com, Email : orchidsecurities_ltd@yahoo.co.in

৩০ জুন, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী (লক্ষ্য টাকায়)

ক্রম সংখ্যা	বিবরণ	দ্বিতীয় তিনমাস			অর্ধবর্ষ		সমাপ্ত বছর
		৩০-০৯-২০১৭ (অনিরীক্ষিত)	৩০-০৬-২০১৬ (অনিরীক্ষিত)	৩০-০৯-২০১৬ (অনিরীক্ষিত)	৩০-০৯-২০১৭ (অনিরীক্ষিত)	৩০-০৯-২০১৬ (অনিরীক্ষিত)	৩১-০৩-২০১৭ (নিরীক্ষিত)
১.	নিট বিক্রয়/কাজের থেকে আয়	৮৫.৫৫	৮২.৮০	৬৫.৩৪	১৬৮.৩৫	১১৮.৭৪	২৩৯.৯৪
২	ব্যয়						
	ক) মজুত বিক্রয়ের জন্য ক্রয়	৯৩.০৫	৭৭.৬৬	৫৭.২৬	১৭০.৭১	১০৩.২৫	২১৬.৯৫
	খ) উদ্ভাবনী পরিবর্তন	(১৪.৪৭)	(৬.৩০)	১.৬৯	(২০.৭৭)	২.২৯	৯.৩০
	গ) কর্মী সুবিধা বাবদ ব্যয়	২.০০	২.১২	১.৮৬	৪.১২	৩.৫৭	৭.৬৩
	ঘ) অবচয় এব প্রদত্ত ব্যয়	০.১৯	০.১৯	০.১৯	০.৩৮	০.৩৮	০.৭৭
	ঙ) অন্যান্য ব্যয়	২.৩৯	২.০৬	১.৯৪	৪.৪৫	৩.৮১	৮.১০
	মোট (২)	৮৩.১৬	৭৫.৭৩	৬২.৯৪	১৫৮.৮৯	১১৩.৩০	২৪২.৭৫
৩.	লাভ/ক্ষতি আর্থিক খরচ ও ব্যতিক্রমী বিষয়ের পূর্বে (১-২)	২.৩৯	৭.০৭	২.৪০	৯.৪৬	৫.৪৪	(২.৮১)
৪	অন্যান্য আয়		-	-	-	-	০.০৬
৫.	লাভ/ক্ষতি আর্থিক খরচ ও ব্যতিক্রমী বিষয়ের পূর্বে (৩+৪)	২.৩৯	৭.০৭	২.৪০	৯.৪৬	৫.৪৪	(২.৭৫)
৬	আর্থিক খচর	০.০৩	০.০৪	০.০৫	০.০৭	০.১২	০.২৪
৭.	লাভ/ক্ষতি আর্থিক খরচ ও ব্যতিক্রমী বিষয়ের পূর্বে (৫-৬)	২.৩৬	৭.০৩	২.৩৫	৯.৩৯	৫.৩২	(২.৯৯)
৮.	ব্যতিক্রমী বিষয়সমূহ	-	-	-	-	-	-
৯.	লাভ/ক্ষতি করের পূর্বে (৭-৮)	২.৩৬	৭.০৩	২.৩৫	৯.৩৯	৫.৩২	(২.৯৯)
১০.	করব্যয়	-	-	-	-	-	-
১১.	নিট লাভ /ক্ষতি করের পরে (৯-১০)	২.৩৬	৭.০৩	২.৩৫	৯.৩৯	৫.৩২	(২.৯৯)
১২	অতিরিক্ত বিষয়সমূহ		-	-	-	৮.০৩	-
১৩.	সময়কালীন নিট লাভ/(ক্ষতি) (১১ - ১২)	২.৩৬	৭.০৩	২.৩৫	৯.৩৯	৫.৩২	(২.৯৯)
১৪.	আদায়দত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রারম্ভিক মূল্য ১০ টাকা)	৩০০.০১	৩০০.০১	৩০০.০১	৩০০.০১	৩০০.০১	৩০০.০১
১৫.	সংরক্ষণ এবং উদ্বৃত্ত	-	-	-	-	-	(৭৮.০৩)
১৬.	শেয়ার প্রতি আয় (ইপিএস)						
	ক) মুল ও মিশ্র ইপিএসের আগে (অতিরিক্ত বিষয়) (বার্ষিকীকৃত নয়)	০.০৮	০.২৩	০.০৮	০.৩১	(০.০৯)	(০.১০)
	খ) মুল ও মিশ্র ইপিএসের পরে (অতিরিক্ত বিষয়) (বার্ষিকীকৃত নয়)	০.০৮	০.২৩	০.০৮	০.৩১	(০.০৯)	(০.১০)

সম্পত্তি ও দায়ের বিবরণী (লক্ষ্য টাকায়)

ক্রম সংখ্যা	বিবরণ	৩০.০৯.২০১৭ অনিরীক্ষিত	৩০.০৯.২০১৬ অনিরীক্ষিত
ক)	ইক্যুইটি এবং দায়		
১.	শেয়ারহোল্ডারদের তহবিল		
	(ক) শেয়ার মূলধন	৩০০.০১	৩০০.০১
	(খ) সংরক্ষণ এবং উদ্বৃত্ত	(৬৮.৬৭)	(৮৯.৫১)
	সাব শেয়ার হোল্ডারদের তহবিল	২৩১.৩৪	২১০.৫০
২.	অ-চলতি দায়		
	(ক) দীর্ঘ মেয়াদী ঋণ	-	-
	(খ) দীর্ঘ মেয়াদী সংস্থান	০.১৮	০.১৫
	মোট অ-চলতি দায়	০.১৮	০.১৫
৩.	চলতি দায়		
	(ক) স্বল্প মেয়াদী ঋণ	০.৯৮	২.৩৪
	(খ) ব্যবসায় প্রদেয়	২.০৯	-
	(গ) অন্যান্য চলতি দায়	২.২৭	১.৭৫
	(ঘ) স্বল্প মেয়াদী সংস্থান	১০১.৯৫	১১৪.২৬
	মোট চলতি দায়	১০৭.২৯	১১৮.৩৫
	মোট ইক্যুইটি এবং দায়	৩৩৮.৮১	৩২৯.০০
খ)	সম্পদ		
১.	অ-চলতি সম্পদ		
	(ক) স্থায়ী সম্পদ:	৩.৬১	৪.৭৭
	(খ) অ-চলতি বিনিয়োগ এবং অগ্রিম	৪৩.৮৫	৬৫.৬২
	মোট অ-চলতি সম্পদ	৪৭.৪৬	৭০.৩৯
২.	চলতি সম্পদ		
	(ক) উদ্ভাবনী	২৩৯.২৩	২২৫.৪৭
	(খ) ব্যবসায়ীক জমা	-	০.৬৩
	(গ) নগদ এবং নগদসম	১২.৯৬	৪.৪৫
	(ঘ) স্বল্পমেয়াদি ঋণ এবং অগ্রিম	২৫.৫০	২৫.৫০
	(ঙ) অন্যান্য চলতি সম্পদ	১৩.৬৬	২.৫৬
	মোট চলতি সম্পদ	২৯১.৩৫	২৫৮.৬১
	মোট সম্পদ	৩৩৮.৮১	৩২৯.০০

দ্রষ্টব্যঃ-
১। ১৪ নভেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত বছরের আর্থিক ফলাফলগুলি নিরীক্ষক কমিটিদ্বারা পর্যালোচিত পরিচালকবর্গের সভায় গৃহীত ও অনুমোদিত
২। ৩০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকে উপরিউক্ত আর্থিক ফলাফলগুলি সংক্ষিপ্তকারে পর্যালোচিত।
৩। নন পারফর্মিং অ্যাসেটের আয় উক্ত হিসাব খাতের মধ্যে আনা হয়নি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নিয়মানুসারে।
৪। অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড-১৭ অনুসারে কোম্পানি এন বি এফ সি বিজনেসের সঙ্গে যুক্ত। সেই কারণে ক্ষেত্র ভিত্তিক রিপোর্ট প্রযোজ্য নয়।
৫। আয়করের সংস্থান ৩১ মার্চ, ২০১৮ তারিখে নির্ণয় করা হবে।
৬। পূর্ববর্তী বছরের অর্থাঙ্কগুলি প্রয়োজন অনুসারে পুনসজ্জিত/পুনঃমুদ্রিত করা হয়েছে। বিলম্বিত কর সম্পদের সংস্থানের প্রয়োজন নেই।

অর্কিড সিকিউরিটিজ লিঃ-এর পক্ষে
স্বাঃ/- বি. এল. বিরমেচা
ডিরেক্টর
DIN : 00750317
স্থান : কলকাতা
তারিখ : ১৪-১১-২০১৭